

দক্ষ মানবসম্পদ তৈরিতে তহবিল হচ্ছে : অর্থমন্ত্রী

সুপ্রভাত ডেস্ক

Posted on [ফেব্রুয়ারী ৪, ২০১৬](#) Author: [suprobhat](#) Categories: [বিজনেস](#)

দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধিকে টেকসই করতে দক্ষ মানবসম্পদ তৈরির জন্য সরকারি উদ্যোগে তহবিল গঠনের উদ্যোগ নেওয়া হচ্ছে বলে জানিয়েছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত।

বৃহস্পতিবার রাজধানীতে অর্থ মন্ত্রণালয়ের আয়োজনে এক কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে এ তথ্য জানান তিনি। দেশের বর্তমান অর্থনৈতিক প্রবৃদ্ধিকে ‘টেকসই বলা যায় না’ মন্তব্য করে মুহিত বলেন, ‘টেকসই প্রবৃদ্ধির জন্য দক্ষ মানবসম্পদ দরকার। এজন্য সরকারি উদ্যোগ থাকতে হবে। ‘এরকম একটি উদ্যোগ (মানব সম্পদ উন্নয়নে তহবিল গঠন) ১৯৮১ সালে তৎকালীন পররাষ্ট্রমন্ত্রী শামসুল হক নিয়েছিলেন। কিন’ হঠাৎ করেই সেটি বন্ধ হয়ে যায়, কেন বন্ধ হয়েছিল তা কেউ জানে না। প্রায় ৪০ বছর পরে এসে আবারও সেই তহবিল গঠনের উদ্যোগ নেওয়া হচ্ছে।’ সকালে সোনারগাঁও হোটেলে ‘প্রস্তাবিত জাতীয় মানব সম্পদ উন্নয়ন তহবিল’ এর ওপর এ কর্মশালা হয়।

অবকাঠামো খাতে বাংলাদেশসহ দক্ষিণ এশিয়ার অনেক ঘাটতি আছে জানিয়ে মন্ত্রী বলেন, ‘গত ৫-৬ বছর ধরে আমরা অবকাঠামো উন্নয়নে মনোযোগ দিয়েছি। ‘সেটি এখন অনেকটা কমে আসছে। এখন আমাদের পরের স’রের কাজ করতে হবে। অবকাঠামোর পরেই মানব সম্পদের দক্ষতা বাড়ানো অত্যন্ত গুরুত্বপূর্ণ।’ ‘প্রস্তাবিত জাতীয় মানব সম্পদ উন্নয়ন তহবিল’ নামে প্রকল্পটি অর্থ বিভাগের ‘স্কিলস ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (এসইআইপি)’ বাস’বায়ন করছে। ২২টি মন্ত্রণালয়ের কর্মকর্তাদের দক্ষতা উন্নয়নে এ প্রকল্প নেওয়া হয়েছে।